“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০৯৯.১৮-২১০

তারিখ: ২৮ কার্তিক, ১৪২৬ ব:
১৩ নভেম্বর, ১৯খ্রি:

**বিষয় :** চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন বায়তুশ শরফ আখতারিয়া আদর্শ আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার)-কে চাকুরীচ্যুতির বিষয়ে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র : ১. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০৯৯.১৮-১৮৮, তারিখ: ২০.১০.২০১৯ খ্রি:।
সূত্র : ২. ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৯.০১৮.১৮-৩৩৩, তারিখ: ২০.১০.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ১ নং স্মারকের (সর্বশেষ ৩য় অনুরোধপত্র প্রেরণের পর) মাধ্যমে চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন বায়তুশ শরফ আখতারিয়া আদর্শ আলিম মাদ্রাসার বিষয়ে বর্ণিত মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোহাম্মদ আবু হুরাইরা (ইনডেক্স নং-২০১২৩৯০) এর সনদটির (ডিআইএ-র প্রতিবেদন এবং সনদ ইস্যুকারী কর্তৃপক্ষ তথা নেকটার কর্তৃক উক্ত সনদটি জাল বা ভুয়া মর্মে ঘোষিত হওয়া সত্বেও) শুদ্ধতা সম্পর্কে ডিজি,ডিএমই কর্তৃক সুপারিশ করা হয়েছে কিন্তু উক্ত সুপারিশের সমর্থনে কোন প্রমাণক সংযুক্ত না করায় উক্ত সুপারিশের সমর্থনে প্রমাণক প্রেরণের জন্য (৩য় বারের মতো) অনুরোধ করায় সূত্রোক্ত-২ নং স্মারকের মাধ্যমে ডিজি,ডিএমই কর্তৃক মতামত প্রেরণ করা হয়েছে।

০২. সূত্রোক্ত-২ নং স্মারকের মাধ্যমে ডিজি,ডিএমই কর্তৃক যে তথ্য প্রেরণ করা হয়েছে তা নিম্নরূপ-
(ক) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের প্রতিবেদনের উপর বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক ব্রডশীট জবাবে দাবী করা হয় যে, সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোহাম্মদ আবু হুরাইরা নট্রামসের মূল শাখা থেকে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ সনদ অর্জন না করে নট্রামস কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে তিনি নেকটার কর্তৃপক্ষের সনদ এবং সুপারিশ ব্যতিত জনাব মুহাম্মদ আবু হুরাইরার বিরুদ্ধে উত্থাপিত আপত্তি নিষ্পত্তির জন্য ডিজি, ডিএমই কর্তৃক সুপারিশ করা হয়েছে অর্থাৎ সুপারিশের স্বপক্ষে কোন প্রমাণক বিএসআর এর সঙ্গে সংযুক্ত  সালে কম্পিউটার সনদ অর্জন করেন। তিনি আরো দাবী করেন যে, নট্রামস কর্তৃক অনুমোদন প্রাপ্ত অনেক প্রশিক্ষণ প্রতিষ্ঠান তখন বাংলাদেশে বিদ্যমান ছিল। নট্রামস কর্তৃপক্ষ কর্তৃক ২৯-১২-০১ খ্রি: তারিখে জারীকৃত এক অফিস আদেশে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়:
“কোন বেসরকারি কম্পিউটার শিক্ষা প্রতিষ্ঠানকে রেজিষ্ট্রেশন প্রদান, কোন কোর্স এবং সনদ পত্র নট্রামস কর্তৃক প্রদান গত ১২-১২-২০০১ খ্রি. তারিখ থেকে স্থগিত ঘোষণা করা হয়।
এই অফিস নির্দেশ জারির পর থেকে কোন বেসরকারি প্রতিষ্ঠান যদি নট্রামস অথবা শিক্ষা মন্ত্রনালয়ের নাম ব্যবহার করে কম্পিউটার ও লাইব্রেরী সায়েন্স-এর উপর বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ব্যাপারে নট্রামস দায়ী থাকবে না”।

(খ) যেহেতু নট্রামস কর্তৃক ২৯-১২-২০০১ খ্রি. তারিখে জারীকৃত আদেশের পূর্বে নট্রামস অনুমোদিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে জনাব মোহাম্মদ আবু হুরাইরা কম্পিউটার প্রশিক্ষণ সনদ অর্জন করে ১৭ বছর যাবত সহকারি শিক্ষক(কম্পিউটার) পদে চাকুরী করছেন, সেহেতু তাঁর উপর অর্পিত আরোপিত আপত্তি থেকে তাঁকে অব্যাহতি দানের সুপারিশ করা হয়েছে।

(গ) বর্ণিত সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোহাম্মদ আবু হুরাইরাকে আলোচ্য আপত্তি হতে অব্যাহতি দানের বিষয়ে উপরে বর্ণিত নট্রামস কর্তৃক ২৯-১২-২০০১ খ্রি: তারিখে ইস্যুকৃত পত্রটি ছাড়া আর কোন প্রমাণক উপস্থাপন করা সম্ভব হচ্ছে না। যেহেতু তিনি প্রায়  ১৭ বছর যাবত সহকারী শিক্ষক(কম্পিউটার) পদে চাকুরী করছেন সেহেতু জনাব মোহাম্মদ আবু হুরাইরাকে উক্ত আপত্তি হতে অব্যাহতি প্রদানের সুপারিশ করা হয়েছে।

(ঘ) যেহেতু কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ উর্ধ্বতন কর্তৃপক্ষ, সেহেতু উর্ধ্বতন কর্তৃপক্ষ হিসেবে টিএমইডি জনাব মোহাম্মদ আবু হুরাইরাকে আপত্তি হতে অব্যাহতি দিতে পারেন অথবা আপত্তি বহাল রাখতে পারেন।
(ঙ) এমতাবস্থায়, চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন বায়তুশ শরফ আখতারিয়া আদর্শ আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোহাম্মদ আবু হুরাইরা এর উপর আরোপিত অডিট আপত্তির বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

০৩. এখানে উল্লেখ্য যে, বর্ণিত সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোহাম্মদ আবু হুরাইরাকে আলোচ্য আপত্তি (জাল সনদ) হতে অব্যাহতি দানের নিমিত্ত সুপারিশের স্বপক্ষে প্রমাণক প্রেরণের জন্য অনুরোধের আলোকে কোন প্রমাণক প্রেরণ না করে ডিজি,ডিএমই কর্তৃক উপরিউক্ত মতামত প্রেরিত হয়েছে।

০৪. এখানে আরো উল্লেখ্য যে, নেকটার (প্রাক্তন নট্রামস) এর ১৫.১০.২০১৭ খ্রি: তারিখের ৫৭.২১.০০০০.০০৭.৩৬.০০১.১৭-১১৬৭ স্মারকের মাধ্যমে জনাব মোহাম্মদ আবু হুরাইরা এর কম্পিউটার সনদ যাচাইয়ান্তে সনদটি জাল/ভূয়া মর্মে ঘোষিত হয়েছে ফলে ডিআইএ কর্তৃক উত্থাপিত আপত্তিটি (জনাব মোহাম্মদ আবু হুরাইরা এর কম্পিউটার সনদটি জাল/ভূয়া হওয়া সংক্রান্তে) সঠিক মর্মে প্রতিষ্ঠিত হয়েছে বিধায় ডিজি,ডিএমই এর সুপারিশ (জাল সনদের অভিযোগ হতে) গ্রহণযোগ্য নয়।

০৫.অধিকন্তু সনদ ইস্যুকারী কর্তৃপক্ষ নেকটার কর্তৃক জনাব মোহাম্মদ আবু হুরাইরা এর কম্পিউটার সনদটি জাল/ভূয়া মর্মে ঘোষিত হওয়ার পরও ডিজি,ডিএমই কর্তৃক উক্ত আপত্তি হতে জনাব মোহাম্মদ আবু হুরাইরাকে অব্যাহতি প্রদানের সুপারিশ সঠিক হয়নি।

চলমান পাতা-০২

০৬.এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Abul Khair Mia Vs Abdul Latif Sardar মামলার (যা 32 DLR (AD) 167 তে প্রকাশিত) মাধ্যমে মহামান্য আপিল বিভাগ (সবোর্চ্চ আদালত) কর্তৃক ঘোষিত রায়ের আলোকে {সহকারী শিক্ষক(কম্পিউটার) পদে জনাব মোহাম্মদ আবু হুরাইরা প্রায় ১৭ বৎসর চাকুরীরত থাকা সত্বেও} জনাব মোহাম্মদ আবু হুরাইরার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন সম্ভব মর্মে প্রতীয়মান হয়।

০৭. যেহেতু জাল/ভূয়া সনদের মাধ্যমে জনাব মোহাম্মদ আবু হুরাইরা, সহকারী শিক্ষক(কম্পিউটার) পদে চাকুরী গ্রহণ করেছেন এবং উক্ত জাল সনদের বিষয়টি ডিআইএ কর্তৃক উদঘাটিত হয়েছে এবং সনদ ইস্যুকারী কর্তৃপক্ষ নেকটার কর্তৃক উক্ত সনদটি জাল/ভূয়া মর্মে ঘোষিত হয়েছে এবং যেহেতু প্রায় ১৭ বৎসর যাবৎ চাকুরীরত থাকা সত্বেও AbulKhair Mia Vs Abdul Latif Sardarমামলার(যা 32 DLR (AD) 167 তে প্রকাশিত) রায়ের আলোকে জনাব মোহাম্মদ আবু হুরাইরার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন সম্ভব সেহেতু জনাব মোহাম্মদ আবু হুরাইরাকে চাকুরীচ্যুত করার জন্য ডিজি,ডিএমইকে নির্দেশনা প্রদান প্রয়োজন।

০৮. সেসাথে জনাব মোহাম্মদ আবু হুরাইরা সহকারী শিক্ষক(কম্পিউটার) কর্তৃক এ যাবৎ গৃহীত সমুদয় অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমাদান নিশ্চিত করার জন্য ডিজি,ডিএমইকে নির্দেশনা প্রদান প্রয়োজন। অধিকন্তু উক্ত জনাব মোহাম্মদ আবু হুরাইরা সহকারী শিক্ষক(কম্পিউটার) এর নিয়োগ প্রক্রিয়ায় সংশ্লিষ্টদের সনাক্তক্রমে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য ডিজি,ডিএমইকে নির্দেশনা প্রদান প্রয়োজন।

০৭. সবোর্পরি নেকটার (প্রাক্তন নট্রামস) এর ১৫.১০.২০১৭ খ্রি: তারিখের ৫৭.২১.০০০০.০০৭.৩৬.০০১.১৭-১১৬৭ স্মারকের মাধ্যমে জনাব মোহাম্মদ আবু হুরাইরা এর কম্পিউটার সনদ যাচাইয়ান্তে সনদটি জাল/ভূয়া মর্মে ঘোষিত হয়েছে ফলে ডিআইএ কর্তৃক উত্থাপিত আপত্তিটি (জনাব মোহাম্মদ আবু হুরাইরা এর কম্পিউটার সনদটি জাল/ভূয়া হওয়া সংক্রান্তে) সঠিক মর্মে প্রতিষ্ঠিত হওয়া সত্বেও আপত্তি হতে অব্যাহতি প্রদানের সুপারিশ করার কারণ জানানোর জন্য ডিজি,ডিএমইকে অনুরোধ করা হলো।

০৯. এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নক্রমে আগামি ২৮.১১.১৯ খ্রি: তারিখের মধ্যে প্রতিপাদন প্রতিবেদন দেয়ার জন্য ডিজি,ডিমইকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(নুরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন : ৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিপ্তর
নিউ ইস্কাটন গার্ডেন রোড
রমনা, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০৯৯.১৮-২১০

তারিখ: ২৮ কার্তিক, ১৪২৬ ব: / ১৩ নভেম্বর, ১৯খ্রি:

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫. সভাপতি, বায়তুশ শরফ আখতারিয়া আদর্শ আলিম মাদ্রাসা, উপজেলা-সাতকানিয়া, জেলা-চট্টগ্রাম।
০৬. অধ্যক্ষ, বায়তুশ শরফ আখতারিয়া আদর্শ আলিম মাদ্রাসা, উপজেলা-সাতকানিয়া, জেলা-চট্টগ্রাম।
০৭. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৮. উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৯-১০. অফিস কপি/ মাষ্টার কপি।

১৩.১১.১৯
(নুরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)